# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

*(পেট্রোবাংলার একটি কোম্পানী)*

প্লট নং-এফ, ১৮/এ, শের-ই-বাংলানগর, প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

**বিষয়: <u>২১-০৬-২০২৩ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী।</u>**

সভাপতি : মহা-ব্যবস্থাপক (পরিকল্পনা) ও আহ্বায়ক (চীফ ইনোভেশন অফিসার), ইনোভেশন টিম, জিটিসিএল।

সভার তারিখ : ২১-০৬-২০২৩

সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : মহা-ব্যবস্থাপক (পরিকল্পনা)-এর দপ্তর (লেভেল-৫), জিটিসিএল।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** এ সংযুক্ত।

১। **ভূমিকাঃ**

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন সংহতকরণে জনপ্রশাসনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অনুশীলনে সেবা সহজিকরণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার উল্লেখযোগ্য। দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে প্রশাসন বিভাগের অফিস আদেশ নং-৬৩/২০১৫ ও সূত্র নং- ২৮.১৪.০০০০.১০৮.০৯.০২৩.১৫.৪০১; তারিখ: ০৪-০৬-২০১৫ এবং অফিস আদেশ নং-২১/২০১৬ ও সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.০৯.০০৫.১৬.৮২; তারিখ: ২৮-০১-২০১৬ এর মাধ্যমে জিটিসিএল কর্তৃক গঠিত ইনোভেশন টিমের সভা আহ্বায়ক, মহা-ব্যবস্থাপক (পরিকল্পনা), ইনোভেশন টিম, জিটিসিএল এর সভাপতিত্বে বিগত ২১-০৬-২০২৩ তারিখ কোম্পানির প্রধান কার্যালয়স্থ মহা-ব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল ও ইনোভেশন টিমের সদস্য-সচিব-কে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অবহিত করতে অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্য-সচিব সভায় অবহিত করেন যে, মহেশখালী জিরো পয়েন্ট (কালাদিয়ার চর), জিটিসিএল স্থাপনায় Explosion & Water proof IP camera with warning system স্থাপন এবং জিরোপয়েন্ট স্থাপনা হতে মনিটরিং কার্যক্রম গত ০৫-০৯-২০২২ তারিখ সম্পন্ন হয়েছে এবং কর্মপরিকল্পনা মোতাবেক অন্যান্য কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

২। **আলোচনা:**

২.১। ২০২৩-২৪ অর্থবছরে জিটিসিএল এর কর্মকর্তা / কর্মচারী হতে প্রাপ্ত আইডিয়াসমূহ নিয়ে ইনোভেশন টিম এর পর্যবেক্ষণ নিম্নরূপ:

| ক্রমিক নং | প্রেরক | প্রস্তাবিত ইনোভেটিভ আইডিয়া | ইনোভেশন টিমের পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| (ক) | এনায়েত কবির (আইডি নং: ০০৫৮৯) উপ-ব্যবস্থাপক আইসিটি ডিপার্টমেন্ট | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের জন্য ডিজিটাল মিটিং শিডিউল ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন | আগামী ২০২৩-২৪ অর্থবছরে সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের আওতায় উক্ত আইডিয়া বাস্তবায়ন করা যেতে পারে। তবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মিটিং শিডিউল এর সাথে জিটিসিএল এর মহা-ব্যবস্থাপকগণের মিটিং শিডিউল ডিজিটালি ম্যানেজমেন্ট করা প্রয়োজন মর্মে সভায় সহমত পোষণ করা হয়। |
| (খ) | এনায়েত কবির (আইডি নং: ০০৫৮৯) উপ-ব্যবস্থাপক আইসিটি ডিপার্টমেন্ট | ডিজিটাল ফোনবুক/ টেলিফোন নির্দেশিকা বাস্তবায়ন | এই আইডিয়াটিও জিটিসিএল এর জন্য গুরুত্বপূর্ণ।তবে বর্তমানে একটি ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের সুযোগ থাকায় পরবর্তীতে উক্ত আইডিয়াটি বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় সহমত পোষন করা হয়। |

২.২। ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক [৩.১.১] এ ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজন ও শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন এর উল্লেখ থাকায় সভায় এতদবিষয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, পেট্রোবাংলা ও অন্যান্য কোম্পানিতে ইতোমধ্যে শ্রেষ্ঠ আইডিয়া প্রদানকারীকে পুরস্কার প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে আগামী ২০২৩-২৪ অর্থবছরে জিটিসিএল এ ইতোপূর্বে বাস্তবায়িত ইনোভেটিভ আইডিয়াসমূহের প্রদর্শনী (শোকেজিং) আয়োজন করা এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী আইডিয়া নির্বাচন করে শ্রেষ্ঠ আইডিয়া প্রদানকারীকে পুরস্কার প্রদানের বিষয়ে কমিটি সহমত পোষণ করেন।

৩। <u>সুপারিশ:</u>

৩.১। আগামী ২০২৩-২৪ অর্থবছরে সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের আওতায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং মহা-ব্যবস্থাপকগণের জন্য ডিজিটাল মিটিং শিডিউল ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন;

৩.২। আইসিটি ডিপার্টমেন্ট এর সহযোগীতায় ডিজিটাল মিটিং শিডিউল ম্যানেজমেন্ট সিস্টেমটি বাস্তবায়নের জন্য হোস্টিং, প্লে স্টোর একাউন্ট ওপেনিং, ভার্টিকেল ডিসপ্লে ক্রয় এবং ইমপ্লিমেন্টেশন সহ সার্বিক কার্যাদি সম্পাদন;

৩.৩। ২০২৩-২০২৪ অর্থবছরে বিগত ২০১৬ সাল হতে ২০২৩ সাল পর্যন্ত বাস্তবায়িত ইনোভেশন কার্যক্রমসমূহের একটি প্রদর্শনী (শোকেজিং) আয়োজন;

৩.৪। শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করে শ্রেষ্ঠ আইডিয়া প্রদানকারীকে পুরস্কার হিসেবে প্রশংসাপত্র এবং নগদ ২০,০০০/-(বিশ হাজার) টাকা প্রদান।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/৬/২০২৩

(প্রকৌ. আবু সাঈদ মাহমুদ)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা), জিটিসিএল
ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম।

**<u>বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)</u>**

১। সকল মহাব্যবস্থাপক/পরিচালক, জিটিসিএল।
২। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
৪। ফোকাল পয়েন্ট/ সদস্য-সচিব (এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ আরটিআই/ এপিএ কমিটি), জিটিসিএল

**<u>অনুলিপি:</u>**

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।
২। অফিস কপি।

# গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)

*(পেট্রোবাংলার একটি কোম্পানি)*

প্লটঃ এফ-১৮/এ, শের-ই বাংলা নগর প্রশাসনিক এলাকা

আগারগাঁও, ঢাকা-১২০৭।

## ইনোভেশন টিমের উপস্থিতি

তারিখঃ ২১-০৬-২০২৩ সময়ঃ ১১.০০

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১। | **প্রকৌ. আবু সাঈদ মাহমুদ**<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা), জিটিসিএল<br>ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম। | |
| ২। | **প্রকৌ. মোঃ জাহির উদ্দিন**<br>পরিচালক (অপারেশন), জিটিসিএল<br>ও সদস্য, ইনোভেশন টিম। | |
| ৩। | **মিনা রানী রায়,**<br>মহাব্যবস্থাপক (এইচ আর) অ. দা., জিটিসিএল<br>ও সদস্য, ইনোভেশন টিম। | |
| ৪। | **প্রকৌ. মোঃ শরিফুল ইসলাম**<br>মহাব্যবস্থাপক (কিউএসএ), জিটিসিএল<br>ও সদস্য, ইনোভেশন টিম। | |
| ৫। | **তপন কুমার সাহা**<br>মহাব্যবস্থাপক (হিসাব), জিটিসিএল<br>ও সদস্য, ইনোভেশন টিম। | |
| ৬। | **প্রকৌ. শাহেদা বানু**<br>মহাব্যবস্থাপক (ডি এন্ড ডি), জিটিসিএল<br>ও সদস্য, ইনোভেশন টিম। | |
| ৭। | **প্রকৌ. রাবেয়া কাদির**<br>উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল<br>ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। | |
| ৮। | **প্রকৌ. মোঃ মশিহুর রহমান**<br>উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং)<br>জিটিসিএল ও সদস্য, ইনোভেশন টিম। | |
| ৯। | | |
| ১০। | | |